

শেষবারের মতো বাসভবনে মেয়র আনিসুল



নিজস্ব প্রতিবেদক



আনিসুল হক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মরদেহ তাঁর বনানীর বাসভবনে নেওয়া হয়েছে। আজ শনিবার বেলা ১টা ২৫ মিনিটের দিকে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাঁর মরদেহ সেখানে নেওয়া হয়। এর আগে আজ বেলা একটায় আনিসুল হকের মরদেহ বহনকারী বাংলাদেশ বিমানের উড়োজাহাজ বিজি ০০২ হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এ সময় বিমানবন্দরে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূরসহ বেশ কয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন। আনিসুল হকের ছোট ভাই সেনাপ্রধান জেনারেল আবু বেলাল মো. শফিউল হকও উপস্থিত ছিলেন বলেন জানিয়েছেন মেয়রের একান্ত সচিব আবরাউল হাসান।

আবরাউল হাসান প্রথম আলোকে বলেন, মেয়রের মরদেহের সঙ্গে দেশে এসেছেন তাঁর স্ত্রী রুবানা হক, ছেলে নাভিদুল হক, দুই মেয়ে ওয়ামিক উমায়রা ও তানিশা ফারিয়াম্যান হক। সেখান থেকে বিকেলে আর্মি স্টেডিয়ামে নেওয়ার পর বাদ আসর তাঁর জানাজা হবে। পরে তাঁকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২১ প্রথম আলো